দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারি ইউনিয়নের দ্বি-বার্ষিক নির্বাচনী তফসিল ঘোষনা।

চুয়াডাঙ্গা জেলার দর্শনা কেরুজ শ্রমিক-কর্মচারি ইউনিয়নের দ্বি-বার্ষিক সাধারণ নির্বাচনী তফসিল ঘোষনা করা হয়েছে। নির্বাচন পরিচালনা কমিটির ঘোষিত তফসিল অনুযায়ি আগামী ৮ মার্চেই অনুষ্ঠিত হবে নির্বাচন। গত ১৮ ফেব্রুয়ারি অনুষ্ঠিত শ্রমিক-কর্মচারি ইউনিয়নের সাধারণসভায় ঘোষিত নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (অর্থ) রাব্বিক হাসান, সদস্য সচিব, মিলের মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদা হাসান বাদশা, সদস্য উপ-ব্যবস্থাপক (পার্সনাল) আবদুল ফাত্তাহ, উপ-ব্যবস্থাপক (পরিঃ প্রকৌশলী) আবু সাঈদ ও জুনিয়র অফিসার (ভূমি) জহির উদ্দিন। ৫ সদস্যের এ নির্বাচন কমিটি প্রথম বৈঠক করেন গত ২২ ফেব্রুয়ারি। পরদিন সন্ধ্যায় ইউনিয়ন অফিস থেকে নির্বাচনী তফসিল ঘোষনা করা হয়। ঘোষিত তফসিল অনুযায়ি ২৪ ফেব্রুয়ারি নির্বাচনী এলাকার বিবরণ প্রকাশ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার প্রকাশ করা হয়েছে খসরা ভোটার তালিকা। আজ শুক্রবার সন্ধ্যা ৭ টা পর্যন্ত খসরা ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্তি আপত্তির শেষ সময় দেয়া হয়েছে। ২৮ ফেব্রুয়ারি চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। ১ মার্চ প্রার্থীরা মনোনয়নপত্র সংগ্রহ করতে পারবেন। দুপুর ১২ টা পর্যন্ত মনোনয়নপত্র সংগ্রহের শেষ সময় দেয়া হয়েছে। বিকাল ৩ টার মধ্যে মনোনয়নপত্র জমা দিতে হবে। সন্ধ্যা ৬ টার দিকে মনোনয়নপত্র যাচাই-বাচাই ও রাত ৮ টা পর্যন্ত প্রার্থীতা প্রত্যাহারের শেষ সময় দেয়া হয়েছে। ২ মার্চ বিকাল ৩ টার দিকে চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। ৮ মার্চ সকাল ৯ টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত কেরুজ বিদ্যালয়ে গোপন ব্যালোটের মাধ্যমে ভোট গ্রহন করা হবে। এ নির্বাচনে সভাপতি পদে যাদের নাম শোনা যাচ্ছে তারা হলেন বর্তমান সভাপতি তৈয়ব আলী ও সাবেক সভাপতি আজিজুল হকের ছেলে ফিরোজ আহম্মেদ সবুজ। সাধারণ সম্পাদক পদে এবারো নির্বাচনী মাঠ গরম করছেন বর্তমান সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ ও সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম প্রিন্স। এ ছাড়া সহসভাপতি, যুগ্নসম্পাদক ও সদস্য পদে রয়েছেন অর্থশত প্রার্থী। তবে বরাবরের মতো এবারের ভোটে নেই তেমন জাক-জমক

অবস্থা। বহিরাগতদের আনাগোনাও তেমন লক্ষ করা যাচ্ছেনা। ছবি সংবলিত ব্যানার, পোষ্টার, ফেস্টুনে মুড়ানো হয়নি কেরুজ আঙ্গিনা। এবার যেন নির্বাচনী গরম নয় শীতল বাতাশ বইছে কেরুজ এলাকায়।।

মুজিবনগরে বাছাই শেষে মুক্তিযোদ্ধার তালিকা থেকে নাম বাদ, শোকে মৃত্যু

শাকিল রেজা, মুজিবনগর
মেহেরপুরের মুজিবনগরে মুক্তিযোদ্ধার তালিকায় থেকে নাম বাদ যাওয়ায় জামাত আলী (৬৫) নামের এক মুক্তিযোদ্ধার শোকে মৃত্যু হয়েছে বলে অভিযোগ করেছে মরহুম এর পরিবার। মুক্তিযোদ্ধা জামাত আলী গত বুধবার সকালে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে নিজ বাসভবনে ইন্তেকাল করেন। মুক্তিযোদ্ধা জামাত আলী মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস দক্ষিণ পাড়ার মৃত জহর বিশ্বাস এর ছেলে। হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা গেলেও পরিবারের অভিযোগ সম্প্রতি মুক্তিযোদ্ধা যাচাই বাছাই শেষে সাক্ষি দেখাতে না পারায় প্রাথমিক পর্যায়ে জামাত আলীর নাম তালিকায় থেকে বাতিল করে দেয় উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি। এই শোক সইতে না পেরে হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মারা যান তিনি। মুজিবনগর উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি গত ৩ তারিখে একটি তালিকা প্রকাশ করে। যেখানে জামাত আলীসহ ২৭ জন মুক্তিযোদ্ধার নাম বাতিলের তালিকায় আছে। মুক্তিযোদ্ধা হয়েও কোন কারণে সাক্ষি জোগাড় করতে না পারায় বাতিল হয় জামাত আলীর নাম। এটা নিয়ে মানসিকভাবে ভেঙে পড়ে জামাত আলী। পরে গত বুধবার তিনি মৃত্যুবরণ করেন। অবশ্য রাষ্ট্রীয় মর্যাদায় মুক্তিযোদ্ধার লাশ দাফন করা হয়।

এ বিষয়ে জামাত আলীর ছেলে রশিদুল ইসলাম জানান, আমার আব্বার কাগজপাতি সবই ঠিক আছে, কিন্তু স্বাক্ষী না থাকায় আমার আব্বা যাচায় বাছায় কমিটির সিদ্ধান্তে মুক্তিযোদ্ধা তালিকা থেকে বাদ

পড়ে। সেই শোক তিনি সহ্য করতে না পেরে স্ট্রোক করে মারা যান।

জামাত আলীর মেয়ে ফুলেশরী জানান, যাচাই বাছায়ে মুক্তিযোদ্ধার তালিকা থেকে আমার আব্বার নাম বাদ যাওয়ার পর যখন ভাতার টাকা উঠাতে গিয়ে না পায় তখন থেকে টেনশন শুরু করে দেয়।

জামাত আলীর স্ত্রী মহিলা খাতুন জানান, আমার স্বামীকে টেনশন করতে ডাক্তার নিষেধ করেছিলো। কিন্তু মুক্তিযোদ্ধা তালিকা থেকে নাম বাদ যাওয়ায় আমরা অনেক বোঝানোর পরও তাকে বোঝাতে পারিনি। তিনি সব সময় টেনশন করতো। টেনশন করতে করতে মঙ্গলবার দিনগত ভোর রাতে সে স্ট্রোক করে মারা যায়।

মুজিবনগর উপজেলা মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটির সদস্য সচিব ও মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের কাছে এ বিষয় জানতে চাইলে তিনি জানান, জামাত আলীর বিষয়ে সিদ্ধান্তটি কমিটির সিদ্ধান্ত, রাষ্ট্রীয় সিদ্ধান্ত নয়। রাষ্ট্রের সিদ্ধান্ত অনুযায়ী, তিনি বেসামরিক গেজেটভুক্ত বীর মুক্তিযোদ্ধা। আমরা বীর মুক্তিযোদ্ধা হিসেবে সম্মান করি এবং রাষ্ট্রীয় সম্মাননা দিয়েছি। তবে উপজেলা কমিটি নাম বাতিল করলেও এটা চূড়ান্ত না। যারা বাতিল হয়েছে তারাও সম্মানী ভাতা পাবে। কিন্তু মুক্তিযোদ্ধা জামাত আলীর একাউন্টে কোন কারণে হয়ত ভাতার টাকা এসে পৌঁছায়নি। তবে অল্প সময়ের মধ্যে এসে যাবে। এছাড়াও যারা বাদ পড়েছে তাদের আপিল করারও সুযোগ আছে।

সিলেটে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে নিহত ৭

সিলেটে দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে সাতজন নিহত হয়েছেন।

শুক্রবার সকাল ৭টার দিকে সিলেট শহরতলির রশিদপুরে ঢাকা-সিলেট মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহতদের মধ্যে চারজনের পরিচয় পাওয়া গেছে। তারা হলেন- এনা

পরিবহনের চালক মঞ্জু আহমদ মঞ্জু (৩৫), তার সহযোগী জাহাঙ্গীর, লন্ডন এক্সপ্রেসের সুপারভাইজার রুহুল আমিন, উইমেন্স মেডিকেল কলেজ হাসপাতালের লেকচারার ডা. আল মাহমুদ সাদ ইমরান খান। বাকিদের পরিচয় এখনও পাওয়া যায়নি।

সিলেট মহানগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার (মিডিয়া) বিএম আশরাফউল্লাহ তাহের যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করে বলেন, নিহতের সংখ্যা বাড়তে পারে।

দুর্ঘটনায় আহত অন্তত ১৮ জনকে সিলেট এমএজি ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে বলে তিনি জানান।

পুলিশ জানায়, এনা পরিবহনের একটি বাস সিলেট থেকে ঢাকা যাচ্ছিল। অন্যদিকে লন্ডন এক্সপ্রেস নামে একটি বাস ঢাকা থেকে সিলেট আসছিল। সিলেট শহরতলির রশিদপুরে একটি পেট্রোলপাম্পের কাছে ঢাকা-সিলেট মহাসড়কে বাস দুটির মধ্যে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে হতাহতের ঘটনা ঘটে।

দুর্ঘটনার পর ঢাকা-সিলেট মহাসড়কের উভয় পাশে যান চলাচল বন্ধ হয়ে যায়।

চুয়াডাঙ্গায় ১৯৭২ সালের এসএসসি ব্যাচের বন্ধু মিলনমেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা ভি. জে. সরকারি উচ্চ বিদ্যালয়ের ১৯৭২ সালের এসএসসি ব্যাচের বন্ধু মিলনমেলা অনুষ্ঠিত হয়েছে। জীবনযুদ্ধের পড়ন্ত বিকেলে দেড় শতাধিক বন্ধুর উপস্থিতিতে আবেগ আপ্লুত হয়ে পড়েন আয়োজক বন্ধুরা। চুয়াডাঙ্গার অভিজাত হোটেল রেডচিলিতে গতকাল বৃহস্পতিবার দিনব্যাপী এ মিলনমেলার আয়োজন করা হয়।
পবিত্র কোরআন তেলাওয়াত দিয়ে শুরু হওয়া মিলনমেলার স্মৃতিচারণমূলক আলোচনা ও পরিচিতি পর্বে সভাপতিত্ব করেন বিশিষ্ট ব্যবসায়ী ও

পদ্মবিলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি বজলুর রহমান মালিক। স্মৃতিচারণমূলক অনুষ্ঠানে বন্ধুরা দীর্ঘদিন পরে একে অপরকে কাছে পেয়ে আবেগ আপ্লুত হয়ে জড়িয়ে ধরে উচ্ছ্বাস প্রকাশের পাশাপাশি আনন্দ অশ্রু ঝরাণ। এ মিলন উপস্থিতি বন্ধুদের গড় বয়স ৬৫ বছর। এ বয়সেও সকলে এক সাথে আড্ডা, কবিতা আবৃত্তি, সংগীত পরিবেশন মেতে ওঠেন।
মিলনমেলার সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন চুয়াডাঙ্গা ডিএফএ’র সভাপতি ও জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম লাড্ডু। এ ছাড়া বন্ধুদের মধ্যে পেশাগত ভাবে দায়িত্বপালনকারী হিসেবে উপস্থিত ছিলেন সাবেক অধ্যক্ষ শ্যামল কুমার সাহা, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি খুস্তার জামিল প্রমুখ।
অনুষ্ঠানটি পরিচালনা করেন ৭২’র বন্ধু সোহরাব হোসেন।

দর্শনা-মুজিবনগর সড়কের কালভার্ট নির্মাণে নেই কোন সতর্ক চিহ্ন: প্রতিদিন ঘটছে ছোট-বড় দুর্ঘটনা

চুয়াডাঙ্গা জেলার দর্শনা-মুজিবনগর সড়কের উন্নয়ন কাজ ইতোমধ্যই শুরু হয়েছে। রাস্তাটির প্রশস্থ বাড়ানো ও সংস্কারের আগে রাস্তাটির বেশ কয়েক জায়গায় কালভার্ট নির্মানের কাজ চলছে।রাস্তাটির কালভার্ট নির্মাণে সড়কের উপর আগে থেকেই কোন সতর্ক চিহ্ন না থাকায় পথচারীরা হঠাৎ করে নির্মাণাধীন কালভার্টের কাছে পৌঁছে সড়ক দুর্ঘটনার মুখোমুখি হচ্ছে। বিশেষ করে অন্য জেলা থেকে আসা মটরসাইকেল আরোহীসহ ট্রাক, মিনিট্রাক পড়ছে চরম ভোগান্তিতে।
বড় ধরনের সড়ক দুর্ঘটনা এড়াতে প্রতিটি কালভার্ট নির্মাণের স্থানে সতর্কতা চিহ্ন বা সতকর্তামূলক লেখা দিয়ে দুর্ঘটনা থেকে সাধারণ মানুষকে বাঁচাতে সংশ্লিষ্ট কৃতপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করেছে এলাকাবাসী ও সচেতন মহল।

কোটচাঁদপুরে হোটেলের গ্যাস সিলিন্ডারে অগ্নিকাণ্ড অল্পের জন্য রক্ষা পেলেন সাবেক এমপি

ঝিনাইদহের কোটচাঁদপুরে গ্যাস সিলিন্ডারের পাইপ লিকেজ হয়ে খাবার হোটেলে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এঘটনায় অল্পের জন্য রক্ষা পেয়েছেন ঝিনাইদহ-৩ আসনের সাবেক এমপি ও কেন্দ্রীয় যুবলীগের প্রেসিডিয়াম সদস্য অধ্যাপক নবী নেওয়াজ।
এ সময় দলীয় নেতা-কর্মী ছাড়াও থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ও ইউপি চেয়ারম্যান আবদুল মতিন প্রাণে রক্ষা পেয়েছেন। গতকাল বৃহস্পতিবার বিকালে স্থানীয় মেইন বাসস্ট্যান্ডের সুইট হোটেল এন্ড রেস্টুুরেন্টে এ দুর্ঘটনা ঘটে। খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনেন। হোটেল মালিক আব্দুর রহিম জানান, গতকাল বৃহস্পতিবার বিকালে আমার মালিকানাধীন সুইট হোটেল এন্ড রেস্টুরেন্টের প্রবেশ মুখে গ্যাস সিলিন্ডারের পাইপ লিকেজ হয়ে হটাৎ অগ্নিকাণ্ড ঘটে।
এ সময় হোটেলের মধ্যে সাবেক সংসদ সদস্য অধ্যাপক নবী নেওয়াজ, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ও ইউপি চেয়ারম্যান আবদুল মতিনসহ স্থানীয় আ. লীগের নেতা-কর্মীরা অবস্থান করছিল। হটাৎ অগ্নিকাণ্ডে সবাই আতঙ্কিত হয়ে হোটেলের পিছনের দরজা দিয়ে বের হয়ে যায়। পরে ফায়ার সার্ভিস ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে আনেন। এতে হতাহতের কোন ঘটনা ঘটেনি।
ঘটনার সত্যতা নিশ্চিত করে মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম জানান, নেতা-কর্মীদের সাথে নিয়ে সাবেক সংসদ সদস্য নবী নেওয়াজসহ আমি সুইট হোটেল এন্ড রেস্টুরেন্টে বসে চা খাচ্ছিলাম। এ সময় হটাৎ গ্যাস সিলিন্ডারে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ওসি জানান, বড় কোন দুর্ঘটনা না ঘটে অল্পের জন্য সবাই রক্ষা পেয়েছেন।

জীবননগরে স্ত্রী হত্যা মামলার পলাতক আসামি স্বামী গ্রেফতার

জীবননগরে স্ত্রী হত্যা মামলায় স্বামীকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল বৃহস্পতিবার সকালে ঈশ্বরদী রেলস্টেশন এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।
গ্রেফতারকৃত আব্দুস সালাম জীবননগর উপজেলার শিংনগর গ্রামের মৃত সফর সরদারদের ছেলে।
জীবননগর থানার ওসি (তদন্ত) ফেরদৌস ওয়াহিদ জানান, গোপন তথ্যের ভিত্তিতে ওসি সাইফুল ইসলামের নির্দেশে এস আই আমির হোসেন, এস আই আনিস, এ এস আই ইমামুল ও এ এস আই আহসান হাবিব ঈশ্বরদী রেলস্টেশন এলাকায় অভিযান চালিয়ে স্ত্রী তানজিলা খাতুন হত্যা মামলার পলাতক আসামি স্বামী আব্দুস সালামকে গ্রেফতার করা হয়।
এর আগে, গত বুধবার সন্ধ্যায় জীবননগর উপজেলার উথলী কোমরপাড়া মাঠের আখক্ষেত থেকে গৃহবধু তানজিলা খাতুনের ক্ষত-বিক্ষত মরদেহ উদ্ধার করে জীবননগর থানা পুলিশ। ওই ঘটনার রাতেই নিহতের ভাই রবিউল ইসলাম বাদী হয়ে জীবননগর থানায় একটি হত্যা মামলা দায়ের করে।

জাতিসংঘ শান্তিরক্ষায় অনন্য অবদানের স্বীকৃতি পেলেন অতিরিক্ত পুলিশ সুপার নূর

জাতিসংঘ-আফ্রিকা ইউনিয়নের হাইব্রিড মিশন দারফুর, সুদানে শান্তিরক্ষায় কঠোর পরিশ্রম আর অসাধারণ কর্মদক্ষতার স্বীকৃতি স্বরূপ প্রশংসা সনদ পেলেন বাংলাদেশ ফর্মড পুলিশ ইউনিটের এডমিন অফিসার অতিরিক্ত পুলিশ সুপার নূর-ই-আলম সিদ্দিকী।
উনামিড মিশনে নিযুক্ত শান্তিরক্ষা মিশনের ভারপ্রাপ্ত পুলিশ কমিশনার ড. সুলতান আজম তিমুরি গতকাল (২৫ ফেব্রুয়ারি) দারফুর এলফাশের লগবেইজড সুপারক্যাম্পে তার নিজস্ব কার্যালয়ে এই সনদ

প্রদান করেন।
তপ্ত মরুভূমির বৈরি পরিবেশে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করে নূর-ই-আলম সিদ্দিকী সর্ব্বৃহত নিয়ালা সুপার ক্যাম্প, আল ফেশার ক্যাম্প, কুটুম ক্যাম্প এর নিরাপত্তা দক্ষতার সাথে প্রদান করেন।
যথাযথ সিকিউরিটি প্রটোকল মেনে দুই দুই বার রিলোকেশনের চ্যালেঞ্জ স্বাচ্ছন্দ্যে গ্রহণ করে নির্ভরতার পরিচয় দেন এডমিন এন্ড ডিউটি অফিসার নূর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের সাবেক এই শিক্ষার্থীর স্থানীয় দরিদ্র জনগোষ্ঠীর মাঝে পরিচালিত”ওহপড়সব এবহবৎধঃরহম অপঃরারঃরবং”, “সম্পদ ব্যবস্থাপনা” ধারণা উনামিড লিডারশীপ কতৃক ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে বলে জানান বাংলাদেশ এফপিইউ এর কমান্ডার পুলিশ সুপার মোহাম্মদ আবদুল হালিম। তার পরিকল্পনায় এবং ভিন্ন ভাষায় সাবলীল উপস্থাপনায় মঞ্চায়িত বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আন্তর্জাতিক অঙ্গনে ভীনদেশীদের মাঝে বাংলা সংস্কৃতি প্রচারে কার্যকরী ভূমিকা রেখেছে বলে পুলিশ সুপার হালিম জানান।
‘প্রশংসা সনদ’ প্রাপ্তিতে উচ্ছ্বাস প্রকাশ করে অতিরিক্ত পুলিশ সুপার নূর জানান, ‘চেষ্টা করেছি মিশন সংশ্লিষ্ট প্রতিটি কাজে বাংলাদেশ পুলিশের ইতিবাচক ইমেজ তৈরি করে শান্তিরক্ষায় বাংলাদেশের গৌরবোজ্জ্বল অধ্যায়ের সাক্ষী হতে। দীর্ঘ ২১ মাসের নিরলস পরিশ্রম, পেশাদারীত্ব আর দায়ীত্ববোধের অর্জিত শিক্ষা বয়ে নিয়ে যেতে চাই প্রিয় মাতৃভূমি বাংলাদেশে। আজকের এই সনদ আর জাতিসংঘের শান্তি পদক প্রাপ্তি প্রেরণা জোগাবে বাংলাদেশ পুলিশের অগ্রযাত্রায় শামীল হতে।”
উল্লেখ্য অতিরিক্ত পুলিশ সুপার নূর-ই-আলম সিদ্দিকী মিশনে গমনের পূর্বে কুষ্টিয়া ভেড়ামারা সার্কেলে কর্মকালীন বিভিন্ন চাঞ্চল্যকর গুরুত্বপূর্ণ মামলার রহস্য উন্মোচন করে কুষ্টিয়াবাসীর কাছে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছিলেন।

ভেড়ামারায় কুউপ আয়োজিত

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] ([redacted]) [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]

পাশাপাশি বিভিন্ন খেলনার দোকান, মুড়ি মুড়কি, বাতাসা ও জিলাপীর দোকান বসেছে।
প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত ক্রেতা দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকছে এ মেলা। চলবে আগামী শনিবার (২৭ ফেব্রুয়ারি) পর্যন্ত।

দামুড়হুদায় কৃষিজ কর্মসূচির আওতায় উপকরণ বিতরণ

দামুড়হুদায় উদ্বোধনীমূলক কৃষিজ কর্মসূচির আওতায় বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়েছে। জানা যায়, গতকাল বৃহস্পতিবার দুপুর ১২টার দিকে ওয়েভ ফাউন্ডেশনের আয়োজনে ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের বাস্তবায়নে উপজেলার ১১জন নারীর মাঝে বিভিন্ন উপকরণ সামগ্রী বিতরণ করা হয়।
মাংসের হাঁস (পেকিন) প্রদর্শনী খামারে দামুড়হুদার কোষাঘাটাস্থ সিডিপি কার্যালয়ে উপকরণ বিতরণকালে উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের উপ-পরিচালক মো: জহির রায়হান, সহকারী সমন্বয়কারী ডা. তুহিন মিয়া ও প্রকল্প সমন্বয়কারী মো: আবু নাঈম খাঁন।